
কালের কণ্ঠ

তারিখ 20 JAN 2016
পৃষ্ঠা ৫ ২

# ডিজিটাল হলো উদয়ন স্কুল

**টেক প্রতিদিন ডেস্ক ▷**



অনুষ্ঠানে অতিথিরা

ডিজিটাল স্কুল হিসেবে যাত্রা শুরু করেছে উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়। গত সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে আনুষ্ঠানিকভাবে এ কার্যক্রমের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। নতুন এ উদ্যোগের আওতায় 'আইটিমস' সফটওয়্যারের মাধ্যমে বিদ্যালয়টির পাঠদান ব্যবস্থাপনা, রুটিন, শিক্ষার্থীদের উপস্থিতি, পরীক্ষা গ্রহণসহ ফলাফল তৈরি ও প্রকাশ করা হবে। বিদ্যালয়টির শিক্ষা ও ব্যবস্থাপনা কার্যক্রম ডিজিটাইজ করেছে ফোরডি কমিউনিকেশনস। অনুষ্ঠানে তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ জানান, ডিজিটাইজেশনের ফলে অভিভাবকদের সঙ্গে বিদ্যালয়ের যে সমন্বয়হীনতা তৈরি হয়, তা দূর হবে। বিদ্যালয়টির জন্য আধুনিক কম্পিউটার ল্যাবসহ প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ তৈরিরও ঘোষণা দেন তিনি।